গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তর
কাজী আলাউদ্দিন রোড, ঢাকা।

স্মারক নং-৫৮.০৩.০০০০.০০২.১১.০৭০.১৭- ১৮৬৮০ তারিখ:-২১/০৯/২০১৭খ্রিঃ।

"নিয়োগ বিজ্ঞপ্তি"

বিষয়ঃ ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তরে ড্রাইভার নিয়োগ প্রসংগে।

ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তরে রাজস্ব খাতে অস্থায়ী ভিত্তিতে ড্রাইভার পদে নিয়োগের নিমিত্তে উল্লিখিত যোগ্যতা সম্পন্ন প্রকৃত বাংলাদেশী স্থায়ী **"অবিবাহিত"** নাগরিকদের নিকট হতে নিম্নোক্ত শর্তাধীনে দরখাস্ত আহবান করা যাচ্ছেঃ-

ক্রঃ নং	পদের নাম ও বেতন স্কেল/গ্রেড	পদের সংখ্যা	ন্যূনতম শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা
১.	ড্রাইভার ৯৭০০-২৩৪৯০/- গ্রেড-১৫	৯৯টি	অষ্টম শ্রেণি পাশ এবং বৈধ ড্রাইভিং লাইসেন্সসহ হালকা ও ভারী যানবাহন চালনায় অভিজ্ঞতা সম্পন্ন। ক) কমপক্ষে ৮ম শ্রেণি পাশ খ) ভারী যানবাহন চালনায় বৈধ লাইসেন্সধারী গ) শারীরিক যোগ্যতাঃ-উচ্চতাঃ- ৫ ফুট ৪ ইঞ্চি ন্যূনতম বুকঃ- ৩২ ইঞ্চি ন্যূনতম ওজনঃ- ১১০ পাউন্ড ন্যূনতম ঘ) ত্রুটিমুক্ত শারীরিক গঠন

শর্তাবলি

১. নির্ধারিত পূরণকৃত ফরমের সাথে ১০০/- (একশত) টাকা ট্রেজারি চালান কোড নং-"১-৭৩৬১-০০০০-২০৩১" এর অনুকূলে বাংলাদেশ ব্যাংক/সোনালী ব্যাংকে জমা করে ট্রেজারি চালানের মূল কপি (এ ক্ষেত্রে পোষ্টাল অর্ডার, ব্যাংক ড্রাফট বা পে-অর্ডার গ্রহণযোগ্য হবে না) এবং সম্প্রতি তোলা ৫ সেমিঃ × ৫সেমিঃ সাইজের ৪ কপি রঙিন ছবি পূরণকৃত ফরমের সাথে সংযুক্ত করে জাতীয় পরিচয়পত্র ও বৈধ ড্রাইভিং লাইসেন্সসহ **ঢাকা, সিলেট, চট্টগ্রাম ও ময়মনসিংহ বিভাগের প্রার্থীগণকে ২৯/১০/১৭ তারিখ ৮.০০ টায় এবং রাজশাহী, রংপুর, খুলনা ও বরিশাল বিভাগের প্রার্থীগণকে ৩০/১০/২০১৭ তারিখ সকাল ৮.০০ টায়** শারিরীক যোগ্যতা, ড্রাইভিং টেষ্ট, ব্যবহারিক, লিখিত ও মৌখিক পরীক্ষার জন্য ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স ট্রেনিং কমপ্লেক্স, মিরপুর (১০ নং গোলচত্বর), ঢাকায় উপস্থিত হতে হবে।

২. আবেদনকারীর বয়স ০১/০৯/২০১৭ খ্রিঃ তারিখে ১৮ হতে ৩০ বৎসরের মধ্যে হতে হবে। মুক্তিযোদ্ধা কোটায় বীর মুক্তিযোদ্ধার সন্তানদের ক্ষেত্রে এবং এতিমদের ক্ষেত্রে বয়সসীমা ৩২ বছর পর্যন্ত শিথিলযোগ্য। কিন্তু মুক্তিযোদ্ধা সন্তানের সন্তানদের ক্ষেত্রে বয়সসীমা শিথিলযোগ্য নয়।

৩. আবেদন পত্রের ফরম বাংলাদেশ ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তরের ওয়েবসাইট (www.fireservice.gov.bd) তে পাওয়া যাবে।

৪. ১নং শর্তে বর্ণিত কাগজপত্র ব্যতিরেকে আবেদনের সাথে অন্য কোন কাগজপত্র সংযুক্ত করার প্রয়োজন নেই। তবে শিক্ষাগতযোগ্যতার সনদ, চারিত্রিক সনদ (১ম শ্রেণের গেজেটেড কর্মকর্তা কর্তৃক), নাগরিকত্ব ও অবিবাহিত সনদ (পৌর মেয়র/কমিশনার/ইউপি চেয়ারম্যান কর্তৃক), মুক্তিযোদ্ধা সনদ (প্রযোজ্য ক্ষেত্রে) এবং বিশেষ কোটার প্রার্থীদের ক্ষেত্রে যথাযথ কর্তৃপক্ষ কর্তৃক প্রদত্ত সনদ পত্রের মূলকপি সংগে আনতে হবে। মৌখিক পরীক্ষার সময় জাতীয় পরিচয়পত্র ও বৈধ ড্রাইভিং লাইসেন্সসহ সকল সনদের সত্যায়িত (১ম শ্রেণির গেজেটেড কর্মকর্তা কর্তৃক) ফটোকপি ১ (এক) সেট জমা দিতে হবে এবং মূল সনদপত্র প্রদর্শন করতে হবে।

৫. ওয়েবসাইট হতে ডাউনলোডকৃত আবেদনটি আবেদনকারী কর্তৃক নিজ হাতে কলম দিয়ে পূরণ করতে হবে। কোন ঘষামাজা, কাটাকাটি বা অস্পষ্ট আবেদন বাতিল বলে গণ্য হবে।

৬. চাকুরিরত প্রার্থীদের যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে আবেদন করতে হবে। তবে তাদের জন্য বয়সসীমা শিথিলযোগ্য নয়।

৭. প্রার্থীর স্থায়ী ঠিকানা, দাখিলকৃত সনদপত্র, মুক্তিযোদ্ধা সনদ, ড্রাইভিং লাইসেন্স (প্রযোজ্য ক্ষেত্রে) ও আবেদনপত্রে উল্লিখিত তথ্য ভূয়া/ মিথ্যা প্রমাণিত হলে তাকে চাকুরীচ্যুত করা হবে/আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে।

৮. নিয়োগপ্রাপ্তগণ ডাক্তারি পরীক্ষায় অযোগ্য ঘোষিত হলে নিয়োগ আদেশ বাতিল বলে গণ্য হবে।

৯. নিয়োগের ক্ষেত্রে চলমান সরকারি বিধি এবং নিয়োগ বিধি মোতাবেক সকল কোটা অনুসরণপূর্বক নিয়োগ করা হবে।

১০. যে কোন আবেদনপত্র বাতিল, সংরক্ষণসহ অন্য যে কোন ক্ষেত্রে কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে।

১১. নির্বাচনী পরীক্ষায় অংশগ্রহণের জন্য কোন প্রকার টি এ/ডি এ প্রদান করা হবে না।

১২. শারীরিক যোগ্যতা পরীক্ষায় অংশগ্রহণের জন্য উপযুক্ত পোশাক সংগে আনতে হবে।

১৩. এই নিয়োগ বিজ্ঞপ্তির যে কোন অংশ পরিবর্তন, পরিবর্ধন ও সংশোধনের ক্ষমতা কর্তৃপক্ষ সংরক্ষণ করে।

২১/০৯/২০১৭

সংযুক্তঃ-আবেদন ফরম।

মোঃ হারুন-উজ-জামান ভূঁইয়া
যুগ্মসচিব ও পরিচালক(প্রশাসন ও অর্থ)
এবং
সভাপতি
বিভাগীয় নিয়োগ/পদোন্নতি কমিটি

F:\Recruitment 2017\advertisement.doc N.doc

ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তরে ড্রাইভার পদে চাকুরীর আবেদন ফরম

৫ সেমিঃ × ৫ সেমিঃ সাইজের ৪ কপি রঙিন ছবি

১.	পদের নামঃ				
২.	বিজ্ঞপ্তির নম্বরঃ			তারিখঃ	
৩.	প্রার্থীর নামঃ	বাংলায়ঃ			
		ইংরেজীতে (বড় অক্ষরে):			
৪.	জাতীয় পরিচয় নম্বরঃ				(যে কোন একটি)
	জন্ম নিবন্ধন নম্বরঃ				
৫.	জন্ম তারিখঃ		৬. জন্মস্থান (জেলা):		
৭.	বিজ্ঞপ্তিতে উল্লিখিত তারিখে প্রার্থীর বয়সঃ	বছর	মাস	দিন	
৮.	মাতার নামঃ				
৯.	পিতার নামঃ				
১০.	ঠিকানাঃ	বর্তমান		স্থায়ী	
	বাসা ও সড়ক (নাম/নম্বর)				
	গ্রাম/পাড়া/মহল্লাঃ				
	ইউনিয়ন/ওয়ার্ডঃ				
	ডাকঘরঃ				
	পোস্টকোড নম্বরঃ				
	উপজেলাঃ				
	জেলাঃ				
১১.	যোগাযোগঃ	মোবাইল/টেলিফোন নম্বরঃ		ই-মেইল (যদি থাকে):	
১২.	জাতীয়তাঃ		১৩.	জেন্ডারঃ	
১৪.	ধর্মঃ		১৫.	বৈবাহিক অবস্থাঃ	
১৬.	শিক্ষাগত যোগ্যতাঃ				

পরীক্ষার নাম	বিষয়	শিক্ষা প্রতিষ্ঠান	পাসের সন	বোর্ড/বিশ্ববিদ্যালয়	গ্রেড/শ্রেণি/ বিভাগ

১৭.	অতিরিক্ত যোগ্যতা (যদি থাকে):			
১৮.	অভিজ্ঞতার বিবরণ (প্রযোজ্য ক্ষেত্রে) :			
১৯.	কোটা (টিক দিন)	মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধাদের পুত্র-কন্যা/পুত্র-কন্যার পুত্র-কন্যা		এতিম/শারীরিক প্রতিবন্ধী
		ক্ষুদ্র নৃ-গোষ্ঠী	আনসার ও গ্রাম প্রতিরক্ষা সদস্য	অন্যান্য (উল্লেখ করুন):
২০.	ট্রেজারী চালান নম্বরঃ		তারিখঃ	
	ব্যাংক ও শাখার নামঃ			
২১.	বিভাগীয় প্রার্থী কিনা (টিক দিন)	হ্যাঁ	না	প্রযোজ্য নয়

আমি এ মর্মে অঙ্গীকার করছি যে, উপরে বর্ণিত তথ্যাবলি সম্পূর্ণ সত্য। মৌখিক পরীক্ষার সময় উল্লিখিত তথ্য প্রমাণের জন্য সকল মূল সার্টিফিকেট ও রেকর্ডপত্র উপস্থাপন করব। কোন তথ্য অসত্য প্রমাণিত হলে আইনানুগ শাস্তি ভোগ করতে বাধ্য থাকব।

তারিখঃ

প্রার্থীর স্বাক্ষর